বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
কৃষি ব্যাংক ভবন
৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০

ফোন ঃ ৯৫৭৪০২৫
ঃ ৯৫৬০০৩১-৩৫/২৫০
E-mail:dgmbcbd@krishibank.org.bd

শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ।

নং-প্রকা/শানিব্যউবি-১(১০২) এমসি-১৬/২০১৭-২০১৮/১২৭(১২৫০)　　　　তারিখঃ ০১-০৮-২০১৭

১। সকল উপ-ব্যবস্থাপনা পরিচালক
২। সকল মহাব্যবস্থাপক, প্রধান কার্যালয়, বিভাগীয় কার্যালয় ও স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা
৩। সকল মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক ব্যবস্থাপক
৪। উপ-মহাব্যবস্থাপক, কাওরানবাজার/বনানী/নারায়নগঞ্জ/সিলেট/আগ্রাবাদ/চট্টগ্রাম/খুলনা কর্পোরেট শাখা।
৫। সকল শাখা ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক।

**বিষয় ঃ ২০১৭-২০১৮ অর্থবছরের কর্মপরিকল্পনা।**

প্রিয় মহোদয়,

দেশের কৃষি উৎপাদন বৃদ্ধি, খাদ্য নিরাপত্তা ও পুষ্টি নিশ্চিতকরণ, দারিদ্র্য বিমোচন, কর্মসংস্থান সৃষ্টি, গ্রামীণ অর্থনীতিকে শক্তিশালীকরণ ও সাধারণ মানুষের জীবনযাত্রার মান উন্নয়নের লক্ষ্যে বাংলাদেশ কৃষি ব্যাংক এর ঋণ কার্যক্রম পরিচালিত হয়ে আসছে। আপনাদের গতিশীল ও সময়োপযোগী নেতৃত্ব ও কার্যকর পদক্ষেপের কারণে ২০১৬-২০১৭ অর্থবছরে বিগত বছরের তুলনায় শ্রেণীকৃত ঋণ ৪% হ্রাস পেয়েছে, লোকসানী শাখার পরিমান কমেছে ও আমানত স্থিতি, অনাদায়ী ঋণ স্থিতি, পরিচালন মুনাফার পরিমান বৃদ্ধি পেয়েছে এবং প্রভিশন উদ্বৃত্ত হয়েছে যা আপনাদের অক্লান্ত পরিশ্রম, নিরবচ্ছিন্ন প্রচেষ্টা ও আন্তরিকতার কারনে সম্ভব হয়েছে। ২০১৬-২০১৭ অর্থবছরের উল্লেখযোগ্য সাফল্য নিম্নরূপঃ

(কোটি টাকায়)

| ক্রঃ নং | নির্দেশক সমুহ | ৩০-০৬-২০১৬ | ৩০-০৬-২০১৭ | প্রবৃদ্ধি | প্রবৃদ্ধির হার |
|---|---|---|---|---|---|
| ০১। | অনাদায়ী ঋণ স্থিতি | ১৭৫৯৫.৩৭ | ১৮৩১১.৬৬ | ৭১৬.২৯ | ৪% |
| ০২। | শ্রেণীকৃত ঋণ স্থিতি | ৪৮৪১.৩০ | ৪৩১৫.৭৭ | (-) ৫২৫.৫৩ | ১১% |
| ০৩। | শ্রেণীকৃত ঋণের হার | ২৮% | ২৪% | (-) ৪% | ১৪% |
| ০৪। | আমানত স্থিতি | ২১০১৮.৫১ | ২২৫৫৯.৭০ | ১৫৪১.১৯ | ৭% |
| ০৫। | লাভ-লোকসান | (-) ৬৭৮.৭৪ | (-) ৫১০.৮৯ | ১৬৭.৮৬ | ২৫% |
| ০৬। | প্রভিশন ঘাটতি/উদ্বৃত্ত | (-) ১৯৬.৫৯ | ৯৬.৩১ | ২৯২.৯০ | ১৪৯% |
| ০৭। | লোকসানী শাখার সংখ্যা | ২৩৩ | ১৪১ | (-) ৯২ | ৩৯% |
| ০৮। | লোকসানী শাখায় লোকসানের পরিমান | ১৩৩.৭৫ | ৬৮.৩৩ | (-) ৬৫.৪২ | ৪৯% |

০২। আমি আশা করছি ব্যাংকের এ সফলতা অব্যাহত রেখে ব্যাংকের আর্থিক ভিত্তি সুদৃঢ়করণ ও অদুর ভবিষ্যতে ব্যাংকটিকে একটি লাভজনক প্রতিষ্ঠানে পরিণত করার লক্ষ্যে ২০১৭-২০১৮ অর্থবছরের সকল ব্যবসায়িক লক্ষ্যমাত্রা শতভাগ অর্জনের লক্ষ্যে নিম্নোক্ত কর্মপরিকল্পনা গ্রহন করা হয়েছে।

০৩। **কর্মপরিকল্পনার উদ্দেশ্য ঃ**

*** বিকেবি'র ১০৩১ টি শাখার মধ্যে ১৪১ টি লোকসানী শাখাকে লাভজনক পর্যায়ে উন্নীতকরণ**

*** লাভজনক শাখাসমূহকে তাদের লাভের পরিমান পূর্ববর্তী বৎসরের তুলনায় দ্বিগুণ করণের মাধ্যমে ব্যাংকটিকে লাভজনক প্রতিষ্ঠানে পরিনত করণ।**

*** প্রতিটি শাখার শ্রেণীকৃত ঋণ ন্যূণতম ১০% হ্রাসকরণ এবং যেসকল শাখায় ১০-১২% শ্রেণীকৃত ঋণ রয়েছে সেসকল শাখার শ্যেণীকৃত ঋণ অর্ধেক হ্রাস করণ।**

*** ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা ১০০% অর্জন নিশ্চিতকরণ**

*** কম সুদবাহী (Low cost ) ও সুদবিহীন( No cost) Deposit সংগ্রহের মাধ্যমে cost of fund কমিয়ে আনা।**

০৪। **নিয়ন্ত্রকারী কার্যালয়ের জন্য নির্দেশনাঃ**

মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, বিভাগীয় কার্যালয় ও প্রধান কার্যালয়ে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদেরকেও লক্ষ্যমাত্রার আওতায় আনতে হবে। সেলক্ষ্যে নিয়ন্ত্রকারী কার্যালয়ে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের মধ্যে নিম্নোক্ত খাতসমুহের লক্ষ্যমাত্রা নির্ধারণ করে দিতে হবে।

১। আমানত সংগ্রহ (পাক্ষিক ভিত্তিতে মূল্যায়ন)
২। ঋণ বিতরন (বিশেষ করে কৃষি ও এসএমই)
৩। শ্রেণীকৃত ও শ্রেণীযোগ্য ঋণ আদায়
৪। অবলোপনকৃত ঋণ ও পুনঃতফসিলিকৃত ঋণ আদায়
৫। শীর্ষ খেলাপি ঋণ আদায়/নিয়মিতকরণ
৬। ৫২-স্থগিত সুদ আদায়
৭। বৈদেশিক রেমিটেন্স সংগ্রহের পরিমান বৃদ্ধিকরণ
৮। বৈদেশিক বাণিজ্য ব্যবসা

০৫। **ঋণ বিতরনের ক্ষেত্রে লক্ষ্যমাত্রা অর্জনে গৃহীতব্য কলাকৌশল ঃ-**

প্রতিটি জেলা/ উপজেলা পর্যায়ের শাখা কর্তৃক প্রতি মাসে ১০টি এবং প্রতিটি ইউনিয়ন পর্যায়ের শাখা কর্তৃক মাসে ০৫টি করে চলতি মূলধন ঋণ/কৃষি সম্পর্কিত বাণিজ্যিক ঋণ (Agro-Based Commercial Loan) এবং SME ঋণ (নতুন) যথানিয়মে বিতরণ নিশ্চিত করতে হবে। একইভাবে আঞ্চলিক পর্যায়ে আঞ্চলিক ব্যবস্থাপক কর্তৃক মাসে ৩০টি এবং বিভাগীয় মহাব্যবস্থাপক কর্তৃক মাসে অন্তত ২৫টি নতুন ঋণ মঞ্জুর ও বিতরণ করতে হবে।

চলমান পাতা- ২

➢ কৃষি ঋণসহ অন্যান্য সকল খাতে ঋণ বিতরণের নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে শাখা ব্যবস্থাপক কর্তৃক মাঠকর্মীদের মধ্যে যথা নিয়মে ঋণ বিতরণের সাপ্তাহিক লক্ষ্যমাত্রা নির্ধারণ করে দিতে হবে। কোন মাঠ কর্মী ঋণ বিতরণের সাপ্তাহিক লক্ষ্যমাত্রা অর্জনে ব্যর্থ হলে সে ক্ষেত্রে তাঁকে জবাবদিহীতার আওতায় আনতে হবে এবং পূর্ববর্তী সপ্তাহের ঘাটতিসহ পরবর্তী সপ্তাহের বরাদ্দ আবশ্যিকভাবে অর্জন নিশ্চিত করতে হবে।

➢ বিভাগীয় মহাব্যবস্থাপক ও মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকগণ আনুপাতিক লক্ষ্যমাত্রা অর্জণে পিছিয়ে থাকা শাখায় অগ্রাধিকার ভিত্তিতে নিয়মিত ভ্রমণ করে পর্যাপ্ত ঋণ বিতরনের ব্যবস্থা করবেন এবং নিয়মিতভাবে ঋণ বিতরণ ক্যাম্পে যোগদানপূর্বক ঋণ বিতরণ কার্যক্রম তদারকি নিশ্চিত করবেন।

০৬। ঋণ আদায়ের ক্ষেত্রে লক্ষ্যমাত্রা অর্জনে গৃহীতব্য কলাকৌশল ঃ-

➢বিভাগীয় মহাব্যবস্থাপকগণ বিভাগের শীর্ষ ৫০ ঋণ খেলাপীর সাথে, মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকগণ স্ব স্ব অঞ্চলের শীর্ষ ৫০ ঋণ খেলাপীর সাথে এবং শাখা ব্যবস্থাপকগণ শাখার শীর্ষ ৫০ ঋণ খেলাপীর সাথে পাক্ষিক/মাসিক ভিত্তিতে দ্বি-পাক্ষিক সভা করে ঋণ আদায়ের কার্যকর উদ্যোগ গ্রহন করবেন এবং সভার কার্যবিবরণী যথানিয়মে স্ব স্ব নিয়ন্ত্রণকারী কার্যালয়ে পাঠাতে হবে।

➢নিবিড় তদারকির মাধ্যমে CL ঋণ আদায় কার্যক্রম জোরদার করতে হবে। প্রতিটি শাখায় শীর্ষ ১০০ খেলাপী ঋণ গ্রহীতাদের তালিকা হালনাগাদ করা এবং নিয়মিতভাবে ঋণ আদায়ে যথাযথ কার্যক্রম গ্রহনের পাশাপাশি দ্বি-পাক্ষিক আলোচনা সভার আয়োজনের মাধ্যমে শ্রেণীকৃত ঋণ আদায় কার্যক্রম জোরদার করতে হবে।

➢সকল শাখার WCL-1 ঋণ গ্রহীতাদেরকে মধ্যে লিগ্যাল/বিশেষ নোটিশ ইস্যু ও বিতরণ নিশ্চিতকরণপূর্বক নির্ধারিত সময়ের মধ্যে আনুপাতিক লক্ষ্যমাত্রা অর্জনে সর্বাত্মক প্রচেষ্টা গ্রহন করতে হবে।

➢অবলোপনকৃত ঋণ থেকে লক্ষ্যমাত্রা অনুযায়ী আদায় শতভাগ নিশ্চিত করতে হবে।

➢পুনঃতফসিলকৃত ঋণগুলো যাতে পুনরায় শ্রেণীকৃত ঋণে পরিণত না হয়, সে লক্ষ্যে পুনঃতফিসিলকৃত সিডিউল অনুযায়ী সকল আদায়যোগ্য ঋণ/ঋণের কিস্তি/কিস্তিসমূহ নির্ধারিত সময়ের মধ্যেই আদায় নিশ্চিত করতে হবে।

০৭। আমানত সংগ্রহের ক্ষেত্রে গৃহীতব্য কলাকৌশল ঃ

➢ প্রতিটি শাখাকে সঠিকভাবে Deposit Mix নির্ধারণপূর্বক উচ্চ সুদবাহী আমানত পর্যায়ক্রমে ছেড়ে দিয়ে সুদবিহীন ও কমসুদবাহী আমানত সংগ্রহ করতে হবে। ব্যাংকের আমানতের উপর সুদ ব্যয় কমানোর লক্ষ্য এমনভাবে আমানত সংগ্রহ কার্যক্রম পরিচালনা করতে হবে যেন **পর্যায়ক্রমে মোট আমানতের মধ্যে চলতি আমানতের পরিমান ন্যূণতম ২০% এ উন্নীত হয়**।

➢ আমানত সংগ্রহের লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে প্রত্যেক কর্মকর্তা/কর্মচারীর মধ্যে ব্যক্তিগত লক্ষ্যমাত্রা নির্ধারণপূর্বক পাক্ষিক/মাসিক ভিত্তিতে মূল্যায়ন সভা করে তার কার্যবিবরণী যথানিয়মে স্ব স্ব নিয়ন্ত্রণকারী কার্যালয়ে পাঠাতে হবে।

০৮। ফরেন রেমিটেন্স সংগ্রহের ক্ষেত্রে গৃহীতব্য কলাকৌশল ঃ

বিগত ২০১৬-২০১৭ অর্থবছরে একই সময়ে বৈদেশিক রেমিটেন্স সংগ্রহের পরিমান ছিল ১৩৩০.৩৪ কোটি টাকা যা বার্ষিক লক্ষ্যমাত্রার ৫৩% মাত্র। গত বছর বৈদেশিক রেমিটেন্স সংগ্রহের পরিমান ব্যাপক হারে কমেছে। তাই চলতি অর্তবছরের শুরু থেকেই বৈদেশিক রেমিটেন্স সংগ্রহের জন্য **সর্বাত্মক প্রচেষ্টা/উদ্যোগের মাধ্যমে আনুপাতিক লক্ষ্যমাত্রা অর্জন নিশ্চিত করতে হবে**।

০৯। বিভাগীয় কার্যালয়ের মহাব্যবস্থাপকগণ তাঁদের আওতাধীন সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয় এবং প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট মহাব্যবস্থাপকগণ তাদের আওতাধীন বিভাগসমূহের অগ্রগতি মাসিক ভিত্তিতে মনিটরিং ও মূল্যায়ন করবেন। এছাড়াও তাদের উপর অর্পিত অন্যান্য দায়িত্বসমূহ বহাল থাকবে।

১০। আমি দৃঢ়ভাবে বিশ্বাস করি প্রত্যেকে নিজ নিজ অবস্থান থেকে পরিকল্পিতভাবে সততা, দক্ষতা ও আন্তরিকতার সাথে দায়িত্ব পালন করলে ইন্‌শা-আল্লাহ্ ব্যাংকের ব্যবসায়িক লক্ষ্যমাত্রা শতভাগ অর্জন করা সম্ভব হবে।

আল্লাহ আমাদের সহায় হোন।

ধন্যবাদান্তে

মুহম্মদ আউয়াল খান
ব্যবস্থাপনা পরিচালক

নং-প্রকা/শানিব্যউবি-১(১০২) এমসি-১৬/২০১৭-২০১৮/১২৭ (১২৫০)

তারিখঃ ০১-০৮-২০১৭

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ-

১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
২। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
৩। সচিব/সকল উপ-মহাব্যবস্থাপক বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। উপরোক্ত পত্রটি ব্যাংকের ওয়েব-সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আইসিটি সিস্টেমস বিভাগকে অনুরোধ করা হলো।
৪। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
৫। নথি/মহানথি।

০১.০৮.১৭

( মোঃ মিজানুর রহমান)
উপ মহাব্যবস্থাপক